*এশিয়ান আমেরিকান লিগাল ডিফেন্স অ্যান্ড এডুকেশন ফান্ড*
*99 হাডসন স্ট্রিট, 12থ ফ্লোর, নিউ ইয়র্ক, এনওয়াই 10013-2815 212.966.5932 ফ্যাক্স ঃ 212.966.4303*

## আমার জন্য "ডেফার্ড অ্যাকসন ফর চাইল্ডহুড অ্যারাইভালস্" (ডিএসিএ) কথাটির মানে কি ?

যোগ্য তরুণদের এ দেশ থেকে বিতাড়িত করায় বাধা দিতে, 15ই জুন, 2012-এ রাষ্ট্রপতি ওবামার নির্দেশ তাদের "ডেফার্ড অ্যাকসন" অর্থাৎ মুলতবি রাখার মর্যাদা দিয়েছে। যদি আপনি নিম্নোক্ত যোগ্যতার শর্তগুলি পূরণ করেন তাহলে আপনার অবস্থাও "ডেফার্ড অ্যাকসন ফর চাইল্ডহুড অ্যারাইভালস্" হিসাবে বিবেচনা করা যায়। তবে, এই ডেফার্ড অ্যাকসনের মর্যাদা পাওয়ার অর্থ এই না যে আপনি গ্রীন কার্ড বা নাগরিকতা পেতে পারেন।

| **যোগ্যতার শর্ত**<br>আপনি ডেফার্ড অ্যাকসনের যোগ্য হতে পারেন যদি ঃ | **তবে দাঁড়ান!** আপনি অভিবাসনের শর্ত উল্লঙ্ঘন করলে হয়ত যোগ্য হবেন না, যেমন যদি আপনি ঃ |
|---|---|
| 1. আপনার বয়স 15 থেকে 30 বছরের মধ্যে হয়;<br>2. 16 বছর বয়সের আগে আপনি ইউনাইটেড স্টেটসে এসে থাকেন;<br>3. 15 জুন, 2007 থেকে একটানা ইউনাইটেড স্টেটসে বসবাস করছেন;<br>4. 15 জন, 2012 এ এবং যখন আবেদন করেছেন সেই সময় ইউনাইটেড স্টেটসে উপস্থিত ছিলেন;<br>5. 15 জুন, 2012 এর আগে কোনরকম পরীক্ষা ছাড়া প্রবেশ করেছিলেন বা 15 জুন, 2012 পর্যন্ত আইনমত আপনার থাকার মেয়াদ ফুরিয়েছে; এবং<br>6. বর্তমানে স্কুলে পড়েছেন, হাই স্কুল গ্র্যাজুয়েট, জিইডি (GED) পেয়েছেন, অ্যাসোসিয়েট বা স্নাতকের ডিগ্রী নিয়ে গ্র্যাজুয়েট হয়েছেন, বা কোস্ট গার্ড বা সৈন্যবল থেকে সসম্মানে মুক্তি পেয়েছেন। | ➢ কোন গুরুতর অপরাধে অভিযুক্ত হয়েছেন, যে অপরাধের জন্য 1 বছরের বেশী হাজতবাস করতে হয়;<br>➢ গুরুতর অসৎকর্মে অভিযুক্ত হয়েছেন, যে অপরাধের ফলে 6 দিন থেকে 1 বছরের হাজতবাস হতে পারে ও তাতে থাকতে পারে ঃ পারিবারিক হিংস্রতা, যৌন উৎপীড়ন বা অত্যাচার, ডাকাতি, বেআইনীভাবে আগ্নেয়াস্ত্র নিজের কাছে রাখা বা ব্যবহার করা, ড্রাগ বিতরণ বা কেনাবেচা করা, ডিইউআই (DUI) বা এমন কোনো অপরাধ যার জন্য আপনাকে 90 দিনের বেশী সময় যাবৎ হাজতবাসের শাস্তি দেওয়া হয়েছিল;<br>➢ 3 বা তার বেশী অন্যায়, গৌণ অপরাধে অভিযুক্ত হয়েছেন; বা<br>➢ রাষ্ট্রীয় সুরক্ষা বা জনসাধারণের নিরাপত্তার জন্য বিপজ্জনক। |
| **এখন www.uscis.gov/childhoodarrivals এ ডেফার্ড অ্যাকসনের জন্য আবেদনপত্র পাওয়া যাবে** | |

### সুবিধা

ডেফার্ড অ্যাকসনের ফলে আপনাকে এ দেশ থেকে বিতাড়িত করায় বাধা দেওয়া যাবে এবং আপনি কাজের পার্মিটের জন্য আবেদন করতে পারবেন। আপনি যেখানে বসবাস করছেন সেইমত, যোগ্য শিক্ষার্থীরা ড্রাইভারের লাইসেন্স বা সোশাল সিকিউরিটি নম্বরের জন্যও আবেদন করতে পারেন। আপনি যদি ডেফার্ড অ্যাকসন পান তাহলে কয়েকটা পরিস্থিতিতে আপনি বিদেশেও যাওয়ার অনুমতি পাবেন।

### বাধানিষেধ ও ঝুঁকি

ডেফার্ড অ্যাকসন গ্রীণ কার্ড পাওয়ার পথ না বা নাগরিকতা পাওয়ার উপায় না। নাগরিকতা পাওয়ার পথ তৈরী করতে, কংগ্রেসকে এই ডিআরইএএম (DREAM) অ্যাক্টে সংসোধন করতে হবে, তা আইনরূপে প্রণয়ন করতে হবে, যা এমন সব অভিবাসী তরুণদের ক্ষেত্রে প্রযোজ্য হবে যারা ছেলেবেলায় ইউ.এসে এসেছিলেন, বা অভিবাসনে কোনপ্রকারে সংশোধন করতে হবে। দুই বছরের জন্য এই ডেফার্ড অ্যাকসন পাওয়া যাবে। দুই বছরের পরে, আপনার ইউ.এস, সিটিজেনশিপ অ্যান্ড ইমিগ্রেশন সার্ভিসেস [(ইউএসসিআইএস) (USCIS)] কাছে পুনর্নবীকরণের আবেদন করতে হবে। আপনি যদি যোগ্যতার শর্তগুলি পূরণ করেন তা হলেও, আপনি নিশ্চিত ডেফার্ড অ্যাকসন পাবেন এমন প্রতিশ্রুতি দেওয়া যায় না এবং যে কোন সময় তা রদ করে দেওয়া যায়। আপনি যদি আবেদন করেন এবং অভিবাসনের আইন গুরুতরভাবে উল্লঙ্ঘন করে থাকেন তাহলে আপনার বিরুদ্ধে সরকার বিতাড়িত করার পদ্ধতি শুরু করতে পরে।

© 2012 এশিয়ান আমেরিকান লিগাল ডিফেন্স অ্যান্ড এডুকেশন ফান্ড

**কিভাবে আবেদন করতে হয়**

নির্দেশ ও ফর্মের জন্য www.uscis.gov/childhoodarrivals দেখুন। আবেদন করতে, আপনার ডেফার্ড অ্যাকসন ফর্ম (I-821D) সহায়ক দলিল, চাকুরির অনুমতির ফর্ম ও ওয়ার্কশীট (I-765 ও I-765WS) এবং 2 টি পাসপোর্ট সাইজ ছবি জমা করতে হবে।

সহায়ক দলিলগুলিতে তালিকায় লেখা, যোগ্যতার 6 টি শর্তপূরণের প্রমাণ থাকা চাই। আপনার যে কয়টা দলিলের প্রয়োজন হবে সেগুলি সংগ্রহ করতে "সহায়ক দলিলপত্রের যাচাইতালিকা" ব্যবহার করুন।

**কোথায় আবেদন করতে হবে**

আপনি যে রাজ্যে বসবাস করছেন সেইমত ঠিকানায় আপনার আবেদন পাঠাতে হবে। www.ucsis.gov/childhoodarrivals দেখে নিন।

**আবেদন করার খরচ**

আবেদনের ফর্মের জন্য কোন দাম দিতে হবে না, তবে আপনার ওয়ার্ক পার্মিট ও ফিংগারপ্রিন্টের প্রয়োজনীয়তা বাবদ আপনাকে সবসমেত $465 - "ইউ.এস. ডিপার্টমেন্ট অফ হোমল্যান্ড সিকিউরিটি" - কে দিতে হবে।

**সহায়ক দলিলপত্রের যাচাইতালিকা**

- ☐ যে দেশে আপনার জন্ম সেখান থেকে পাসপোর্ট
- ☐ জন্মের সার্টিফিকেট
- ☐ I-94 ফর্ম বা অভিবাসনের দলিল যাতে আপনি যে তারিখে ইউ.এস.-এ প্রবেশ করেছিলেন সেই তারিখ লেখা থাকবে
- ☐ যাত্রা করার দলিল
- ☐ অর্থ সংক্রান্ত রেকর্ড, যেমন ব্যাঙ্কের বিবৃতি, কর জমা করা
- ☐ ইউটিলিটি বিল
- ☐ স্কুলের রেকর্ড
- ☐ ডিপ্লোমা, জিইডি (GED) সার্টিফিকেট
- ☐ রিপোর্ট কার্ড ও ট্রান্সক্রিপ্ট
- ☐ চিকিৎসার রেকর্ড
- ☐ সামরিক রেকর্ড (কর্মচারী, স্বাস্থ্য)
- ☐ কোন চূড়ান্ত আদেশ বা অপসারণ বা অভিবাসনের দলিলের কপি
- ☐ অপরাধের রেকর্ড বা কোন অপরাধমূলক গ্রেপ্তারের বিষয়ে আদালতের বিলিব্যবস্থার কপি
- ☐ সমাজের সমর্থক চিঠি
- ☐ যেসব দলিলে আপনার পক্ষে আপনার গুণবৈশিষ্ট্য জানা যায় যেমন সামাজিক ঘনিষ্ঠতা, কাজকর্ম, পুরস্কার

**আপনি আবেদন করার পর কি হবে**

আপনি I-821D জমা করার পর আপনি একটা রসিদ পাবেন, তারপর বায়োমেট্রিক্সের (আঙ্গুলের ছাপ) জন্য অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হবে। পটভূমির সততা যাচাই করা হবে, এবং সে বিষয়ে কোনরকম সংশয় না থাকলে ইউএসসিআইএস (USCIS) ডাকযোগে আপনাকে তাদের লিখিত নির্ণয় জানাবে। তবে কয়েকটা ক্ষেত্রে ব্যক্তিগত ইন্টারভিউ-ও নেওয়ার প্রয়োজন হয় (1) "কারণ" এর জন্য, অর্থাৎ কোন নির্ণয় নেওয়ার আগে ইউএসসিআইএস(USCIS)-এর দ্বারা তথ্যের সততা যাচাই করে নেওয়ার জন্য, বা (2) ইন্টারভিউ নেওয়ার জন্য অবিন্যস্তভাবে কয়েকটা আবেদনপত্রের স্যাম্পেল নিয়ে গুণগত মান নিশ্চিত করতে।

**ইউএসসিআইএস (USCIS) যদি ডেফার্ড অ্যাকসন প্রত্যাখ্যান করে তাহলে কি হবে**

আপীল করার কোন পদ্ধতি নেই। তবে আপনি 1-800-375-5283 এ ফোন করে "পুনর্বিচার" করতে বলার জন্য সেবা অনুরোধ করতে পারেন।

**বিনামূল্যে আইনী পরামর্শ ও সাহায্য**

তরুণদের আইনী পরামর্শ দিতে ও প্রতিনিধিত্ব করতে এএএলডিইএফ (AALDEF) বিনামূল্যে লিগাল ক্লিনিকের আয়োজন করছে। এছাড়া, অ-নথিভূক্ত এশিয়ান আমেরিকান তরুণদের নিরাপদ স্থান দিতে এবং বৈধকরণের ন্যায্য পথের জন্য আমাদের সমাজে সংগঠিত হওয়ায় সাহায্য করতে এএএলডিইএফ (AALDEF) একটি তরুণ গোষ্ঠীরও আয়োজন করে। আরো তথ্যের জন্য ঃ http://aaldef.org/obamas-dream-act-directive-on-deferred-action----faqs.html. যদি আপনি লিগাল ক্লিনিকের জন্য অ্যাপয়েন্টমেন্ট নিতে চান বা তরুণ গোষ্ঠীর বিষয়ে আরো জানতে চান তাহলে এএএলডিইএফ (AALDEF) -কে ঃ info@aaldef.org বা 212-966-5932 এ যোগাযোগ করুন।

© 2012 এশিয়ান আমেরিকান লিগাল ডিফেন্স অ্যান্ড এডুকেশন ফান্ড